

‘তোমার পরে ঠেকাই মাথা’
থেকে—

অঙ্ককার মখদুম আজম মাশরাফী
(বৃটিশ প্রাসাদে ম্যান্ডেলার অভ্যর্থনা দেখে)

ইংরেজ রাজার মুকুট অভ্যর্থনায় নত হতে দেখে
ম্যান্ডেলার বিক্ষিত মন অভিমানে ক্ষেত্রায় নি মুখ,
ঈশ্বরের অপার আলোয় ধূয়ে, রাজাদের পাপ
জয়গান গাইলেন ‘সাম্য মানুষের’
কালো ও অ-কালোর ব্যবধান মুছে।

ওরা তবু অনুভাপে ধোয় নি ওদের মন,
'দ্রাঙ্গ' বলে মানে নি কখনও সেই ঘৃণ্য আচরণ,
চায় নি মহান মনে একবারও ক্ষমা ;
আশ্চর্য শীতল মনে বর্ণাত্য আয়োজনে
একদা নিষিক এক বর্ণের জয়গান গাইলেন।

ঈশ্বরের নামে মানুষেরই অন্য এক সমাজকে ঘৃণা
কতকাল কবলিত রেখেছিল ঐ সব রাজাদের কৃষ্ণ মানস।
লুঁঠিত রত্ন দিয়ে মুকুট উচ্চিয়ে ওরা ছিল

ব্রহ্মোবিত্ত রাজা।

কৃধার, কান্নার চীচে চাপা পড়া হাজার মানুষ
ছেড়েছিল বিখাতার দেয়া এই সুরম্য পৃথিবী।

আজ এক অবাক সূর্যোদয়ে দিগন্ত রেখার নীচে
গলানো সোনার মতো নাচে আলো ভীষণ ঝিকমিক।
তৃণ, নৃত্বী, জলকলা, ওহার আঁধার আর
অরণ্যের অক্কারে ছুঁয়েছে সে আলো—
শুধু পারে নি যে ছুঁতে হায়
ঐ সব রাজাদের কুটিল হন্দয়।

ওয়েল্টেন্ড হাসপাতাল, সিঙ্গাপুর

৬ আগস্ট, ১৯৯৬

